


# ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ড সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা

বর্ষ ০২, সংখ্যা ০৪, এপ্রিল-জুন, ২০২৩



## বিদ্যুৎ বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ হাবিবুর রহমান (বিপিএএ) মহোদয় এঁর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব পদে পদোন্নতি



*বিদ্যুৎ বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ হাবিবুর রহমান (বিপিএএ) মহোদয় ০১ লা জুন, ২০২৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব পদে পদোন্নতি পাওয়ায় ইজিসিবি'র পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। এ সময় সম্মানিত সিনিয়র সচিব মহোদয়কে ইজিসিবি'র চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির মহোদয় ও ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ) মহোদয় ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।*

## সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্টের স্টীম টার্বাইনের কাজ সফলতার সাথে সম্পন্ন







*গত বছরের অক্টোবরে গ্রীডে ব্লাকআউটের ফলে ক্ষতিগ্রস্থ সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্টের স্টীম টার্বাইনের মেরামত কাজ ইজিসিবির নিজস্ব জনবল দ্বারা সফল ভাবে সম্পন্ন করা হয়েছে যা বাংলাদেশের বিদ্যুৎ সেক্টরের ইতিহাসে একটি নতুন মাইলফলকের সূচনা করেছে। গত ৯ জুন ২০২৩ তারিখে গ্রীডের সাথে সিংক্রোনাইজেশনের ফলে অত্র বিদ্যুৎ কেন্দ্র হতে বিদ্যুতের এই সংকটময় পরিস্থিতিতে পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।*

## ইজিসিবি লিঃ এর ইতিহাসে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন





*চলমান বিদ্যুৎ সমস্যা নিরসনে নিরলস পরিশ্রম করে চলছে বিদ্যুৎ বিভাগের কর্মীরা। সেই ধারাবাহিকতায় পিছিয়ে নেই আমরাও, ১৮ জুন ২০২৩ তারিখে ইজিসিবি'র সকল বিদ্যুৎ কেন্দ্র একসাথে সর্বোচ্চ ১০০১ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদন করেছে যা ইজিসিবি'র ইতিহাসে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন। চলমান বিদ্যুৎ সমস্যা নিরসনে ইজিসিবি লিঃ এর সকল বিদ্যুৎ কেন্দ্র বর্তমানে পূর্ণ ক্ষমতায় জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে।*

## ইজিসিবি তে এপিএ কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের নির্দেশিকা, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন

ইজিসিবি'র কর্পোরেট অফিসের উদ্যোগে ১১/০৫/২০২৩ তারিখ সকাল ০৯.৩০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে "এপিএ কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের নির্দেশিকা" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ইজিসিবি'র উপ-বিভাগীয় প্রকৌশলী (পিএন্ডডি) শারমিন আক্তার উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৩৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবি'র কর্পোরেট অফিসের উদ্যোগে ১৭/০৫/২০২৩ তারিখ সকাল ৯.৩০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত ৩টি সেশনে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে স্মার্ট বাংলাদেশ এন্ড ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভোলুশন, ইডিজিই প্রকল্প, আইসিটি বিভাগ এর কম্পোনেন্ট লিড জনাব ফারুক আহমেদ জুয়েল উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৬৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবি'র কর্পোরেট অফিসের উদ্যোগে ০৪/০৬//২০২৩ তারিখ সকাল ৯.৩০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত ৩টি সেশনে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে তথ্য কমিশনের জনাব মোঃ সালাহ উদ্দিন, সহকারী পরিচালক (প্রশাসন) উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৬৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

ইজিসিবি'র কর্পোরেট অফিসে ০৭/০৬//২০২৩ তারিখ সকাল ৯.৩০ টা থেকে দুপুর ০১.০০ টা পর্যন্ত ৩টি সেশনে কর্পোরেট অফিসের কনফারেন্স রুমে এবং অনলাইনে "ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন" সংক্রান্ত একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে জনাব মোঃ খায়রুল কবীর মেনন, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। উক্ত প্রশিক্ষণে ইজিসিবি'র ৭৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।








*ইজিসিবি'র বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণের স্থিরচিত্র*

## বিদ্যুৎ বিভাগের সাথে ইজিসিবি লিঃ এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠিত

বিদ্যুৎ বিভাগের সাথে ইজিসিবি লিঃ এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর ২৫ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সময়ের চ্যালেঞ্জ মোকাবেলা করে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহের উদ্যোগ অব্যাহত রাখতে হবে এবং দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম আরো যুগপোযোগি করতে হবে।




*বিদ্যুৎ বিভাগের সাথে আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের একাংশ*

## ইজিসিবি'র ২০২৩-২৪ অর্থবছরের অভ্যন্তরীণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত

ইজিসিবি'র ২০২৩-২৪ অর্থবছরের অভ্যন্তরীণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ২২ জুন ২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ০৩.০০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে কর্পোরেট অফিসের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে নির্বাহী পরিচালকগণের এবং নির্বাহী পরিচালকগণের সাথে প্রধান প্রকৌশলীগণদের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর শেষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত কর্মকর্তাগণের সাথে মতবিনিময় করেন।










*ইজিসিবি'র ২০২৩-২০২৪ অর্থবছরের অভ্যন্তরীণ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের একাংশ*

## ইজিসিবির চেয়ারম্যান মহোদয়ের সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি পরিদর্শন

১৩ জুন ২০২৩ তারিখে ইজিসিবি'র চেয়ারম্যান জনাব এস এম এনামুল কবির, অতিরিক্ত সচিব বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় মহোদয় সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি পরিদর্শন করেন। এসময় প্রধান প্রকৌশলী মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক কার্যক্রম সম্পর্কে তাঁকে অবহিত করেন।





*ইজিসিবি'র চেয়ারম্যান মহোদয়ের সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি পরিদর্শনের একাংশ*

## সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ পাওয়ার প্লান্টে ফায়ার ফাইটিং ও ইলেক্ট্রিক শক ড্রিল সম্পন্ন

অগ্নি নির্বাপন ও সচেতনা সৃষ্টি ও জরুরী অবস্থা মোকাবেলা এবং তড়িতাহত হলে জরুরী মুহূর্তে করণীয় সম্পর্কে বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্টে ফায়ার ফাইটিং ও ইলেক্ট্রিক শক ড্রিল সম্পন্ন হয়েছে।





*সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি তে অনুষ্ঠিত ফায়ার ফাইটিং ও ইলেকট্রিক শক ড্রিলের একাংশ*

## বিদ্যুৎ বিভাগের সম্মানিত অতিরিক্ত সচিব জনাব ড. শাহ মোঃ হেলাল উদ্দীন এবং সম্মানিত যুগ্মসচিব জনাব মাহফুজা আখতার এঁর সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি পরিদর্শন

১৭ মে ২০২৩ তারিখে বিদ্যুৎ বিভাগের সম্মানিত অতিরিক্ত সচিব জনাব ড. শাহ মোঃ হেলাল উদ্দীন এবং সম্মানিত যুগ্মসচিব জনাব মাহফুজা আখতার ইজিসিবি লিঃ এর আওতাধীন সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি পরিদর্শন করেন। এসময় প্রধান প্রকৌশলী মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক কার্যক্রম সম্পর্কে তাঁদের অবহিত করেন।





*বিদ্যুৎ বিভাগের সম্মানিত অতিরিক্ত সচিব ড. শাহ মোঃ হেলাল উদ্দীন এবং সম্মানিত যুগ্মসচিব মাহফুজা আখতার মহোদয়ের সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি পরিদর্শনের একাংশ।*

## ফেনী জেলা প্রশাসন কর্তৃক ফেনী জেলার সোনাগাজীতে ইজিসিবি'র চলমান প্রকল্পসমূহ পরিদর্শন

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী; উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), সোনাগাজী; ও অন্যান্য কর্মকর্তাগণ ৩০ মে ২০২৩ তারিখে ফেনী জেলার সোনাগাজীতে ভূমি অধিগ্রহণ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও ইজিসিবি'র চলমান প্রকল্পসমূহ পরিদর্শন করেন।





*ভূমি অধিগ্রহণ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এর নিমিত্ত জেলা প্রশাসন কর্তৃক প্রস্তাবিত ভূমি ও ইজিসিবি'র চলমান প্রকল্পসমূহ পরিদর্শনের একাংশ।*

## ইজিসিবি লিঃ এর সকল মহিলা কর্মকর্তা কর্মচারীগণের সাথে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মত বিনিময় সভা অনুষ্ঠিত

০৬ জুন ২০২৩ তারিখে ইজিসিবি লিঃ এর সকল মহিলা কর্মকর্তা কর্মচারীগণের সাথে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মহিলা কর্মকর্তাগণের কর্মপরিবেশ ও নিরাপত্তা বিষয়ক আলোচনা ও এর প্রেক্ষিতে সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পক্ষ হতে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। সভায় সকল মহিলা কর্মকর্তা ও কর্মচারীগণ ইজিসিবি লিঃ এর কর্মপরিবেশ সন্তোষজনক ও নিরাপদ বলে মত প্রকাশ করেন।



*ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে ইজিসিবি লিঃ এর মহিলা কর্মকর্তা কর্মচারীগণের সভার একাংশ*

## ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ও কর্পোরেট দপ্তরে Employee of the month প্রদান

ইজিসিবি তে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব কার্যক্ষেত্রে মূল্যায়ন এবং কার্যক্ষেত্রে উৎসাহ প্রদানের নিমিত্ত কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্র হতে বিভিন্ন সময়ে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হতে Employee of the month নির্বাচন করা হয়েছে এবং নির্বাচিত কর্মকর্তা/কর্মচারীকে প্রশংসা পত্র ও ক্রেস্ট প্রদান এবং তাঁর ছবি সম্বলিত ব্যানার প্রদর্শন করা হয়েছে।













## সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি তে বিবিধ প্রশিক্ষণ ও Industrial Attachment সম্পন্ন



*Industrial Attachment এর অংশ হিসেবে MIST এর শিক্ষক ও প্রশিক্ষণার্থী ১৭ জুন ২০২৩ তারিখে সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি পরিদর্শনের একাংশ।*





*সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিপিপি তে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে সভা ও ইজিসিবি'র চাকরি বিধির শৃঙ্খলামূলক ব্যবস্থা বিষয়ক প্রশিক্ষণের একাংশ।*

## ইজিসিবি লিঃ এর আওতায় কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্রসমূহে ২০২২-২০২৩ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী ইজিসিবি লিঃ এর দপ্তর প্রধানগণের মধ্য হতে ০১ জন কর্মকর্তা, কর্পোরেট দপ্তর ও ০৩ টি বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে ০৪-১০ বেতনগ্রেড ভুক্ত ০১ জন, ১১-১৬ বেতনগ্রেড ভুক্ত ০১ জন, ১৭-২০ বেতনগ্রেড ভুক্ত ০১ জন করে মোট ০৩ জন কর্মকর্তা ও কর্মচারী কে ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

### কর্পোরেট দপ্তর

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী কর্পোরেট দপ্তর হতে জনাব ফরিদ উদ্দিন, নির্বাহী প্রকৌশলী, সোনাগাজী ৫০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প,; জনাব মোরশেদ আলম, অফিস সহকারী এবং জনাব স্বরসতী বিশ্বাস, পরিচ্ছন্নতা কর্মী কে শুদ্ধাচার পুরস্কার ২০২২-২০২৩ প্রদান করা হয়।

### হরিপুর ৪১২ মেঃ ওঃ সিসিপিপি

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী হরিপুর ৪১২ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট হতে জনাব এ.এইচ.এম আনোয়ার ইসলাম, উপ-বিভাগীয় প্রকৌশলী (পরিচালন); জনাব মোঃ আমিনুল হক, ওয়েল্ডার এবং জনাব মোহাম্মদ হাসান, অফিস এটেনডেন্ট কে শুদ্ধাচার পুরস্কার ২০২২-২০২৩ প্রদান করা হয়।

### সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ সিসিপিপি

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ: ৩.৩ ও ৩.৪ অনুযায়ী সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট হতে জনাব সৌরভ কুমার সাহা, উপ-বিভাগীয় প্রকৌশলী (আইএন্ডসি); জনাব মোঃ জাকির হোসেন সরদার, ফোরম্যান (যান্ত্রিক) এবং জনাব মোঃ রফিক উল্যাহ, অফিস অ্যাটেনডেন্ট (পর্ব) কে শুদ্ধাচার পুরস্কার ২০২২-২০২৩ প্রদান করা হয়।

ইজিসিবি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ এবং সোনাগাজী ৫০ মেঃ ওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এর দপ্তর প্রধানগণের মধ্য হতে জনাব এ. কে. এম.মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী, সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট, সিদ্ধিরগঞ্জ নারায়ণগঞ্জ কে শুদ্ধাচার পুরস্কার ২০২২-২০২৩ প্রদান করা হয়।